# খালেদা জিয়াই বিএনপিকে গণতান্ত্রিক দল হিসেবে গড়েছেন: মির্জা ফখরুল




বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

বিএনপির প্রয়াত চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে দলটির গণতান্ত্রিক রাজনৈতিক ভিত্তি তৈরির অন্যতম কারিগর হিসেবে উল্লেখ করেছেন সদ্য সাবেক মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শনিবার (১৫ আগস্ট) সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে খালেদা জিয়ার ৮২তম জন্মদিন উপলক্ষে আয়োজিত দোয়া মাহফিলে বক্তব্য দেন তিনি। এ সময় খালেদা জিয়ার রাজনৈতিক আদর্শ অনুসরণ করে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন মির্জা ফখরুল।

অনুষ্ঠানে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, বিএনপি রাষ্ট্রক্ষমতায় এসেছে বলেই খালেদা জিয়ার নীতি ও আদর্শ থেকে সরে যাওয়ার সুযোগ নেই।

LENS ASIA

বিএনপি নেতারা বলেন, ওয়ান-ইলেভেনের সময় এবং আওয়ামী লীগের দীর্ঘ শাসনামলেও খালেদা জিয়া রাজনৈতিক চাপের কাছে আপস করেননি। তার রাজনৈতিক আদর্শকে ধারণ করে দেশের উন্নয়ন ও গণতন্ত্র প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে দলের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান তারা।